গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২১০।

**www.bteb.gov.bd**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৫.৩৪ তারিখ: ২৮-০১-২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ১৮৪তম পরিচালনা পর্ষদের সভায় জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রম প্রবিধান- ২০২৫ অনুমোদিত হয়েছে। এই প্রবিধান ২০২৫ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হবে।

সংযুক্তি:

১। জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রম প্রবিধান-২০২৫

২৮.০১.২৬

**(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল: bteb.director@gmail.com

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৫.৩৪ (১৩৬) তারিখ: ২৮-০১-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬-১৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ।
১৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ৬৯-৭০ মতঝিলি বা/এ, ঢাকা-১০০০।
১৭। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮-২৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ।
২৭। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২৮। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৯। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩০। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩১। উপ সচিব (প্রশাসন/রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
৩৩। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩৪-১৩৪। অধ্যক্ষ/সুপারিটেনডেন্ট/প্রধান শিক্ষক ---------------------------------।
১৩৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩৬। সংরক্ষণ নথি।

২৮.০১.২৬

**(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)**
কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০১৭১২-২৫৫৭৪৬
ই-মেইল: rezabteb@gmail.com

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২১০।

**www.bteb.gov.bd**

## জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রম

(০৩ বছর মেয়াদি)

**শিক্ষাক্রম কোড-৪৮**

**শিক্ষার্থীদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে সাধারণ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার সমন্বয়ে প্রণীত নিম্ন মাধ্যমিক পর্যায়ের এই শিক্ষাক্রম ২০২৫ সনে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রবর্তিত**

**প্রবিধান-২০২৫**

**(বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ১৮৪ তম পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত)**

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
## জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রম
## প্রবিধান-২০২৫
(জাতীয় শিক্ষাক্রম ২০১২ এর ভিত্তিতে ২০২৫ শিক্ষাবর্ষ হতে কার্যকর)

**শিক্ষাক্রম কোড-৪৮**

## ১. শিক্ষাক্রমের নাম ও মেয়াদ (Name & Duration of the Curriculam):

১.১. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় পরিচালিত সাধারণ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার সমন্বয়ে নিম্ন মাধ্যমিক পর্যায়ের এই শিক্ষাক্রমের নাম হবে জেডি (ভোকেশনাল);

১.২. এ প্রবিধান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন-২০১৮ অনুযায়ী প্রণয়ন করা হয়েছে;

১.৩. এ শিক্ষাক্রমের আওতায় ধারা ২-এ বর্ণিত বিষয়সমূহ নির্ধারিত থাকবে;

১.৪. এ শিক্ষাক্রমের মেয়াদ হবে তিন বছর, যা ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণিতে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে।

## ২. কোর্স কাঠামো ও বাস্তবায়ন প্রক্রিয়া (Course Struture and Implemention Procedure):

### ২.১ বিষয়সমূহ ও সাপ্তাহিক পিরিয়ড বিন্যাস:

| ক্রমিক নং | বিষয় | পিরিয়ড | | |
|---|---|---|---|---|
| | | তত্ত্বীয় | ব্যাবহারিক | মোট |
| ১ | কোরআন মাজীদ ও তাজবীদ | ২ | - | ২ |
| ২ | আকাইদ ও ফিকহ | ২ | - | ২ |
| ৩ | আরবি ১ম পত্র | ২ | - | ২ |
| ৪ | আরবি ২য় পত্র | ২ | - | ২ |
| ৫ | বাংলা | ৪ | - | ৪ |
| ৬ | ইংরেজি | ৪ | - | ৪ |
| ৭ | গণিত | ৪ | - | ৪ |
| ৮ | বিজ্ঞান | ৩ | - | ৩ |
| ৯ | কর্মমুখী প্রকৌশল শিক্ষা | ২ | ৬ | ৮ |
| ১০ | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ২ | - | ২ |
| ১১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | - | ২ | ২ |
| | মোট পিরিয়ড বিন্যাস | ২৭ | ৮ | ৩৫ |

২.২. জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণিতে প্রতি সপ্তাহে ৩৫ পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে;

২.৩. জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণি প্রতি শিক্ষাবর্ষের প্রাতিষ্ঠানিক সময়কাল হবে ৩৬ কার্য সপ্তাহ। প্রতি সপ্তাহ হবে ০৫ দিনের ও প্রতিদিন ০৭ পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে;

২.৪. ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণিতে প্রতি পিরিয়ড সময় হবে ৪৫ মিনিট ও বিরতি ৩০ মিনিট;

২.৫. কর্মমুখী প্রকৌশল শিক্ষা বিষয়ের ক্ষেত্রে ব্যাবহারিক ক্লাস (০৩ পিরিয়ড) একত্রে অনুষ্ঠিত হবে;

২.৬. তত্ত্বীয় অনুসন্ধানমূলক কাজগুলো প্রয়োজনে ব্যাবহারিক ক্লাসে সম্পন্ন করতে পারবে;

২.৮. জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির বিষয় ও পিরিয়ড বিন্যাস ধারা-২ ছক মোতাবেক হবে;

২.৯ দৈনিক প্রারম্ভিক সমাবেশ (Assembly) এর মেয়াদ ১৫ মিনিট।

## ৩. ভর্তির নিয়মাবলি (Rules of Admission):

৩.১. সাধারণ ও মাদ্রাসা শিক্ষা ধারার অনুমোদিত যেকোনো প্রতিষ্ঠান হতে পঞ্চম শ্রেণি/এবতেদায়ী ৫ম শ্রেণি সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী এ শিক্ষাক্রমের ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার জন্য যোগ্য হবে। ষষ্ঠ শ্রেণিতে ভর্তির সময় অনলাইন জন্ম নিবন্ধনের কপি জমা দিতে হবে;

৩.২. ষষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষাবর্ষের ১ জানুয়ারি তারিখে শিক্ষার্থীর নূন্যতম বয়স ১০+ হতে হবে;

৩.৩. সাধারণ ও মাদ্রাসা শিক্ষা ধারার অনুমোদিত যেকোনা প্রতিষ্ঠান হতে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থী যথাক্রমে এ শিক্ষাক্রমের সপ্তম ও অষ্টম শ্রেণিতে ভর্তি হতে পারবে। একইভাবে এ শিক্ষাক্রমের ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ ও মাদ্রাসা শিক্ষা ধারার অনুমোদিত যেকোনো প্রতিষ্ঠানে সপ্তম ও অষ্টম শ্রেণিতে ভর্তির যোগ্য হবে;

৩.৪. এ শিক্ষাক্রমে ভর্তির ক্ষেত্রে বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালা/নির্দেশিকা অনুসৃত হবে।

## ৪. নিবন্ধন প্রক্রিয়া ও মেয়াদ (Registration Process and Duration):

৪.১. ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীর তথ্যসমূহ ক্লাস শুরুর ৯০ (নব্বই) দিনের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডাটাবেজে এন্ট্রি করতে হবে;

৪.২. অষ্টম শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীকে বোর্ড নির্ধারিত ফি প্রদানপূর্বক ক্লাস শুরুর ৯০ (নব্বই) দিনের মধ্যে নিবন্ধন সম্পূর্ণ করতে হবে। অষ্টম শ্রেণির নিবন্ধনের মেয়াদ হবে ভর্তি শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ০২ (দুই) শিক্ষাবর্ষ;

৪.৩. কোনো শিক্ষার্থী দুই শিক্ষাবর্ষ পর পুনরায় অষ্টম শ্রেণিতে অধ্যয়ন করতে ইচ্ছুক হলে বোর্ড নির্ধারিত সংযোগ রক্ষাকারী ফি (Retention fee) পরিশোধপূর্বক রেজিস্ট্রেশন শাখা হতে নিবন্ধনের মেয়াদ বৃদ্ধি করে অব্যবহিত পরের শিক্ষাবর্ষে শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। তবে এ নবায়নের মেয়াদ হবে এক বছর এবং এ সুযোগ শুধুমাত্র একবারই গ্রহণ করা যাবে;

৪.৪. এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় কোন শিক্ষার্থী অন্য কোনো একাডেমিক শিক্ষাক্রমে অধ্যয়ন করতে পারবে না। কোনো শিক্ষার্থী এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় অন্য কোনো একাডেমিক শিক্ষাক্রমে অধ্যয়ন করলে তার রেজিষ্ট্রেশন বাতিল বলে গণ্য হবে;

৪.৫. শিক্ষা কার্যক্রম পরিপন্থি কোন কাজের সাথে শিক্ষার্থী সম্পৃক্ত হলে বোর্ড/সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষা পরিচালনা পরিষদের সুপারিশ অনুযায়ী শিক্ষার্থীর নিবন্ধন (Registration) স্থগিত/বাতিল করার ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত থাকবে।

## ৫. শিক্ষার্থী বদলি প্রক্রিয়া (Process of Student Transfer):

৫.১. নতুন শ্রেণির ক্লাস শুরু হওয়ার ০৩ (তিন) মাসের মধ্যে শিক্ষার্থী বদলীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে;

৫.২. সকল শ্রেণিতে আসন শূন্য থাকা সাপেক্ষে যুক্তিসংগত কারনে বদলীতে ভর্তি হওয়ার সুযোগ পাবে;

৫.৩. সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলীর সুযোগ থাকবে;

৫.৪. বদলীতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী অভিভাবকের স্বাক্ষরসহ বিমুক্তকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ পরিচালক (কারিকুলাম) বরাবর আবেদন করবে এবং শিক্ষার্থী বদলীর নির্ধারিত ফি অনলাইনে/সোনালী ব্যাংক, আগারগাঁও শাখার অনুকূলে পরিশোধ করতে হবে;

৫.৫. কোনো অকৃতকার্য শিক্ষার্থী বদলীতে ভর্তি হতে পারবেনা;

৫.৬. বিশেষ ক্ষেত্রে প্রতিষ্ঠানের শিক্ষা পরিচালনা পরিষদের সুপারিশক্রমে শিক্ষার্থীকে শাস্তিমূলক বদলী করা যাবে। এ ক্ষেত্রে বোর্ড কর্তৃক গঠিত বদলী কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

## ৬. বিষয়ভিত্তিক মূল্যায়ন কাঠামো (Subjective Assessment Framework):

### ৬.১ বিষয়ভিত্তিক নম্বর বিন্যাস ছক :

| ক্রমিক নং | বিষয় | নম্বর বিন্যাস | | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | তত্ত্বীয় | | ব্যাবহারিক | | |
| | | ধারাবাহিক মূল্যায়ন | চূড়ান্ত মূল্যায়ন | ধারাবাহিক মূল্যায়ন | চূড়ান্ত মূল্যায়ন | |
| ১. | কোরআন মাজীদ ও তাজবীদ | ৪০ | ৬০ | - | - | ১০০ |
| ২. | আকাইদ ও ফিকাহ | ৪০ | ৬০ | - | - | ১০০ |
| ৩. | আরবি ১ম পত্র | ৪০ | ৬০ | - | - | ১০০ |
| ৪. | আরবি ২য় পত্র | ৪০ | ৬০ | - | - | ১০০ |
| ৫. | বাংলা | ৪০ | ৬০ | - | - | ১০০ |
| ৬. | ইংরেজি | ৪০ | ৬০ | - | - | ১০০ |
| ৭. | গণিত | ৪০ | ৬০ | - | - | ১০০ |
| ৮. | বিজ্ঞান | ৪০ | ৬০ | - | - | ১০০ |
| ৯. | কর্মমুখী প্রকৌশল শিক্ষা-১/২/৩ | ৪০ | ৬০ | ২৫ | ২৫ | ১৫০ |
| ১০. | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ৪০ | ৬০ | - | - | ১০০ |
| ১১. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | - | - | ২৫ | ২৫ | ৫০ |
| | সর্বমোট | ৪০০ | ৬০০ | ৫০ | ৫০ | ১১০০ |

## ৭. মূল্যায়নের সাধারণ নিয়মাবলি (General Rules of Assessment):

৭.১. ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির ধারাবাহিক ও চূড়ান্ত মূল্যায়ন স্ব স্ব প্রতিষ্ঠান বোর্ড নির্ধারিত সময়ে গ্রহণ ও ফলাফল প্রকাশ করবে;

৭.২. ক্লাস চলাকালে বর্ষপঞ্জী অনুযায়ী ১৭-১৮তম সপ্তাহে তাত্ত্বিক বিষয়ের উপর প্রতিষ্ঠান বর্ষমধ্য মূল্যায়ন গ্রহণ করবে;

৭.৩. ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী সংশ্লিষ্ট বর্ষের চূড়ান্ত মূল্যায়নে অংশগ্রহণের জন্য তাত্ত্বিক ও ব্যাবহারিক ক্লাশে নির্ধারিত হাজিরা এবং তাত্ত্বিক ও ব্যাবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নে পৃথক পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে;

৭.৪. কোন শিক্ষার্থীর নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য না হলে বা অন্য কোনো কারণে সংশ্লিষ্ট বর্ষের চূড়ান্ত মূল্যায়নে অংশগ্রহণ করতে না পারলে বা চূড়ান্ত মূল্যায়নে অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হলে পরবর্তী শিক্ষাবর্ষে পুনঃ ভর্তি হয়ে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে পারবে। তবে এ সুযোগ একবারই গ্রহণ করা যাবে;

৭.৫. শিক্ষার্থীকে পৃথকভাবে ব্যাবহারিক ও তাত্ত্বিক ক্লাসে নূন্যপক্ষে শতকরা ৮০ ভাগ উপস্থিত থাকতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট বর্ষের চূড়ান্ত মূল্যায়নে অংশগ্রহণের সুযোগ পাবে না। তবে অসুস্থতা বা গ্রহণযোগ্য অন্য কোনো কারণে প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশক্রমে প্রতিষ্ঠান প্রধান সর্বোচ্চ শতকরা ১০ ভাগ হাজিরা মওকুফ করতে পারবেন;

৭.৬. চূড়ান্ত মূল্যায়নে ব্যাবহারিক ও তত্ত্বীয় বিষয়ের প্রতি অংশে (ধারাবাহিক ও চূড়ান্ত) পাশ হবে শতকরা ৩৩ নম্বরে;

৭.৭. বর্ষমধ্য মূল্যায়নের জন্য বিষয় শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের/বিষয়সমূহের প্রশ্নপত্র প্রণয়ন করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দেবেন। একই বিষয়ের জন্য একাধিক শিক্ষক থাকলে তাদের পৃথকভাবে জমা দেয়া প্রশ্নপত্র মডারেশনের মাধ্যমে বা প্রতিষ্ঠান প্রধানের নির্দেশক্রমে তাদের মধ্যে যে কোন একজন শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন করবেন;

৭.৮. প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের নিয়ে ন্যূনতম ০৩ সদস্যের পরীক্ষা কমিটি গঠন করতে হবে। প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা কমিটির মাধ্যমে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির বর্ষমধ্য ও চূড়ান্ত মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও সমন্বয়, মডারেশন, পরীক্ষার সময়সূচি ঘোষণা এবং পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন;

৭.৯. ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির বর্ষমধ্য মূল্যায়ন ও চূড়ান্ত মূল্যায়নের উত্তরপত্র সংশ্লিষ্ট বিষয় শিক্ষক মূল্যায়ন করবেন। প্রয়োজনে পরীক্ষা কমিটি অন্য শিক্ষক দ্বারাও উত্তরপত্র মূল্যায়ন করাতে পারবেন। তবে, একই বিষয়ে একাধিক শিক্ষক থাকলে পরীক্ষা কমিটি সংশ্লিষ্ট যে কোনো শিক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়ন করাতে পারবেন;

৭.১০. ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির বর্ষমধ্য মূল্যায়নের মূল্যায়িত উত্তরপত্র পরীক্ষা শেষ হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে শিক্ষার্থীদেরকে দেখার সুযোগ দিতে হবে। শিক্ষার্থীদেরকে অবহিত করার পর নম্বরসহ উত্তরপত্র প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে;

৭.১১. ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির বর্ষমধ্য মূল্যায়ন ও চূড়ান্ত মূল্যায়ন হাজিরাসহ মূল্যায়নকৃত ব্যাবহারিক কাজ ও উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় রেকর্ড পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৬(ছয়) মাস পর্যন্ত প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে;

৭.১২. ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির সকল বিষয়ের বর্ষমধ্য মূল্যায়ন ও চূড়ান্ত মূল্যায়নের তত্ত্বীয় অংশের প্রশ্নের ধরণ সংশ্লিষ্ট বিষয়ের সিলেবাসে বর্ণিত কাঠামো অনুযায়ী হবে;

৭.১৩. এ শিক্ষাক্রমের বিষয়ভিত্তিক নম্বর বিভাজন ছক ৬.১ এ বর্ণিত কাঠামো অনুসারে হবে।

## ৮. ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি-তত্ত্বীয় (Procedure of Continuous Assessment-Theoretical):

৮.১. তত্ত্বীয় বিষয়/বিষয়ের তত্ত্বীয় অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (তত্ত্বীয় বিষয়ের ধারাবাহিক অংশের মোট নম্বরের শতকরা হার)-

| | | |
|---|---|---|
| বর্ষমধ্য মূল্যায়ন | : | ৫০% |
| ক্লাস টেস্ট, কুইজ টেস্ট ও এসাইনমেন্ট (প্রতিটির জন্য বর্ষমধ্য মূল্যায়ন পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি) | : | ৪০% |
| উপস্থিতি (৮০% ও তার উর্ধ্বে আনুপাতিক হারে) | : | ১০% |
| মোট | : | ১০০% |

## ৯. ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি-ব্যাবহারিক (Procedure of Continuous Assessment-Practical):

৯.১ ব্যাবহারিক বিষয়/বিষয়সমূহের ব্যাবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং প্রতি জব এক্সপেরিমেন্টের জন্য নির্ধারিত নম্বর হবে ১০। যার নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যাবহারিক ধারাবাহিক অংশের মোট নম্বরের উপর ভিত্তি করে):

| | | |
|---|---|---|
| জব অনুশীলন | : | ৬ |
| রিপোর্ট প্রস্তুতকরণ | : | ২ |
| পরিচ্ছন্নতা ও নিরাপত্তা অবলম্বন | : | ২ |
| মোট | : | ১০ |

উদাহরণ:
ব্যাবহারিক ধারাবাহিক নম্বর ২৫
অনুষ্ঠিত মোট জব ১২টি
মোট নম্বর ১২ × ১০ = ১২০
শিক্ষার্থী ১০টি জবে অংশগ্রহণ করে প্রাপ্ত নম্বর ৬০ হলে,
এক্ষেত্রে তার প্রাপ্ত নম্বর হবে ৬০×২৫÷১২০= ১২.৫

সকল জবের নম্বর ধারাবাহিকের জন্য নির্ধারিত মোট নম্বরে রূপান্তর করতে হবে।

## ১০. চূড়ান্ত মূল্যায়ন পদ্ধতি-তত্ত্বীয় (Procedure of Final Assessment-Theoretical):

১০.১. স্ব স্ব প্রতিষ্ঠান প্রতি শ্রেণির সমাপনান্তে চূড়ান্ত মূল্যায়ন গ্রহণ করবে;

১০.২. তত্ত্বীয় বিষয় বা কোন বিষয়ের তত্ত্বীয় অংশের লিখিত পরীক্ষার নম্বর ৬০ হলে পরীক্ষার সময় ৩ ঘন্টা এবং পরীক্ষার নম্বর ৩০ হলে পরীক্ষার সময় ২ ঘন্টা নির্ধারিত হবে। তবে বোর্ড চাইলে নম্বর এবং সময়ের কম-বেশি করতে পারবে।

## ১১. চূড়ান্ত মূল্যায়ন পদ্ধতি-ব্যাবহারিক (Procedure of Final Assessment-Practical):

১১.১. ৫০ নম্বরের বিষয়ের জন্য মূল্যায়নের সময় ৩ (তিন) ঘন্টা এবং ২৫ নম্বরের জন্য মূল্যায়নের সময় ২ (দুই) ঘন্টা;

১১.২. ব্যাবহারিক বিষয়/বিষয়ের ব্যাবহারিক অংশের চূড়ান্ত মূল্যায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শ্রেণি শিক্ষক অভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে সম্পন্ন করবেন এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যাবহারিক চূড়ান্ত অংশের মোট নম্বরের শতকরা হারে):

| | | |
|---|---|---|
| ক. জব/এক্সপেরিমেন্ট ( জব ৫০% এবং পরিচ্ছন্নতা ও নিরাপত্তা অবলম্বন ১০%) | : | ৬০% |
| খ. জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট | : | ২০% |
| গ. মৌখিক | : | ২০% |
| মোট | : | ১০০% |

## ১২. ফলাফল ঘোষণা এবং অগ্রগতি প্রতিবেদন ও সনদ প্রদান (Publication of Results and Issuance of Progress Reports and Certificates) :

১২.১. ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির চূড়ান্ত মূল্যায়নে কোনো শিক্ষার্থী সকল বিষয়ে ন্যূনতম D গ্রেড পেলে তাকে উত্তীর্ণ ঘোষণা করা হবে।

১২.২ ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির চূড়ান্ত মূল্যায়ন সমাপনান্তে বোর্ডের নমুনা মোতাবেক অগ্রগতি প্রতিবেদনে (Progress Report) প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ করবেন।

১২.৩ প্রতি বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্ট (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর Grade Point Average (GPA) নির্ধারণপূর্বক শিক্ষাগত মূল্যায়নপত্র প্রদান করা হবে।

১২.৪ শিক্ষার্থীদের নিম্নরূপ গ্রেড পয়েন্টের ভিত্তিতে মূল্যায়ন করা হবে:

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A+ | ৮০ হতে ১০০ | ৫.০০ |
| A | ৭০ হতে ৭৯ | ৪.০০ |
| A- | ৬০ হতে ৬৯ | ৩.৫০ |
| B | ৫০ হতে ৫৯ | ৩.০০ |
| C | ৪০ হতে ৪৯ | ২.০০ |
| D | ৩৩ হতে ৩৯ | ১.০০ |
| F | ০০ হতে ৩২ | ০.০ |

## ১৩. পরীক্ষা অনুষ্ঠানের সমন্বিত শৃঙ্খলা বিধি (Integrated Disciplinary Regulations for the Conduct of Examinations) :

১৩.১ বোর্ডের অনুমোদিত সমন্বিত শৃঙ্খলা বিধি ও উপবিধি এ পাঠ্যক্রমের জন্য অনুসরণ করা হবে। সরকারের সময় সময় জারীকৃত পাবলিক এক্সামিনেশন এ্যাক্ট এক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১৪. সংরক্ষণ (Preservation):

১৪.১ এই প্রবিধান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের একাডেমিক নিয়ন্ত্রণাধীন সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২৫ সাল হতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য কার্যকর হবে। এই প্রবিধানের ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধু বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।